



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/৩৪১

তারিখঃ ২০/০৬/২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

৫৭৮ তম কমিশন সভা অদ্য ২০/০৬/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

কমিশন অদ্যকার সভায় Bangladesh Thai Aluminium Limited এর রাইট শেয়ার (১R:১ অর্থাৎ বিদ্যমান একটি সাধারণ শেয়ারের বিপরীতে একটি রাইটস শেয়ার) অনুমোদন করেছে। এই রাইট শেয়ারের মাধ্যমে Bangladesh Thai Aluminium Limited -কে কমিশন ৫,২৩,৩৫,০২৮টি সাধারণ শেয়ার প্রতিটি ১০.০০ টাকা মূল্যে (অভিহিত মূল্যে) বাজারে ছেড়ে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানীটি ৫২,৩৩,৫০,২৮০.০০ টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি ও আংশিক ঋণ পরিশোধ খাতে ব্যয় করবে। রাইট শেয়ার ডকুমেন্ট অনুযায়ী ৩০ জুন, ২০১৫ তারিখে কোম্পানীটির শেয়ার প্রতি NAV টাঃ ৪৭.৯৪ এবং জানুয়ারী ০১, ২০১৫ - জুন ৩০, ২০১৫ সময়কালে কোম্পানীটির শেয়ার প্রতি আয় টাঃ ১.০৩। এই রাইট ইস্যুর জন্য ইস্যু ম্যানেজার হিসেবে Citizen Securities & Investment Limited কাজ করেছে।



মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক

ও

মুখপাত্র।